



# রাংগুনিয়া সরকারি কলেজ

## RANGUNIA GOVERNMENT COLLEGE

চট্টগ্রাম : ৪৩৬  
স্থাপিত : ১৯৬৩  
Chattogram : 4360  
Established : 1963

কলেজ কোড: জাঃ বিঃ ৪৩২১, চঃবোর্ড: ৩৫২৫, ই.আই.আই.এনঃ ১০৪৮৪৪

Website: www.ranguniacollege.edu.bd/ E-mail: info@ranguniacollege.edu.bd

নং- ২০২৩/০৮ চট্টগ্রাম-৪৩৬

তারিখঃ ১৬/০৮/২০২৫ খ্রি.

### ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

কলেজের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। আত্মীয় পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://ems.nu.ac.bd/student-login>) প্রবেশ করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে উক্ত প্রিন্ট কলেজ অফিসে প্রদর্শন ফরম পূরণ ফর্ম রসিদ সংগ্রহ করতে হবে। গৃহীত রসিদের মাধ্যমে আগামী ২৩/০৮/২০২৫ তারিখের মধ্যে “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা করে, উক্ত রসিদ নিম্নলিখিত সম্মানিত পরীক্ষা কমিটির সদস্যবৃন্দের নিকট ২৩/০৮/২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

সম্মানিত পরীক্ষা কমিটির সদস্যবৃন্দের নাম	বিভাগ	পূরণকৃত আবেদন ফরম জমা দেয়ার তারিখ
জনাব সৈয়দ মেজবাহ উদ্দীন আহমদ	বিএ, বিএসএস, বিএসসি,	১৭/০৮/২০২৫ থেকে ২৩/০৮/২০২৫
জনাব মোহাম্মদ নাছির উদ্দীন সিকদার	বিবিএস	
জনাব মোহাম্মদ সালাহ উদ্দীন		

#### পরীক্ষার্থীদের করণীয় :

১. পরীক্ষার্থীগণ আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করার সময় সঠিকভাবে বিষয়কোড লিখতে হবে। ভুল বিষয়কোড পূরণের জন্য ছাত্র-ছাত্রী নিজেই দায়ী থাকবে।

২. পূরণকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০২ কপি রসিদ ছবি আটা দিয়ে লাগাতে হবে।

#### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) :

i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

খ) ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর):

i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০২০, ২০২১ ও ২০২২ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (C-Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

গ) অকৃতকার্য ও মানোন্নয়ন:

i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বার অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে C গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দুটি কোর্স/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

প্রফেসর শেখ মুজিবুর রহমান  
আইডি নং-৯৫২৬

প্রফেসর শেখ মুজিবুর রহমান  
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

অনুলিপি: রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০১. সম্পাদক, শিক্ষক পরিষদ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০২. জনাব সৈয়দ মেজবাহ উদ্দীন আহমদ, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৩. জনাব মোহাম্মদ নাছির উদ্দীন সিকদার, প্রভাষক, রসায়ন বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৪. জনাব মোহাম্মদ সালাহ উদ্দীন, প্রভাষক, পদার্থবিজ্ঞান বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৫. হিসাবরক্ষক, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৬. কম্পিউটার অপারেটর, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৭. ভর্তি শাখা, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৮. অফিস নথি।

সৈয়দ মেজবাহ উদ্দীন আহমদ  
আহ্বায়ক

ডিগ্রি পাস ২য় বর্ষ ফরম পূরণ ও চূড়ান্ত পরীক্ষা কমিটি-২০২৩  
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।